# Geography

(New Syllabus)

## বিভাগ-ক

(Marks : 35)

1. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়): 7×5=35

(a) কার্স্ট অঞ্চলে 'ডোলাইন' ও 'পাতন প্রস্তর' (dripstone) কীভাবে সৃষ্টি হয় তা চিত্র-সহ ব্যাখ্যা করো। 'রিয়া উপকূল' কাকে বলে? 5+2

*অথবা,*

মৃত্তিকা সৃষ্টিতে আদি শিলা ও জলবায়ুর ভূমিকা সংক্ষেপে আলোচনা করো। নদীর পুনর্যৌবন লাভের ফলে কীভাবে নদী-মঞ্চ গঠিত হয় চিত্র-সহ ব্যাখ্যা করো। 5+2

(b) উপযুক্ত চিত্র-সহ নাতিশীতোষ্ণ ঘূর্ণবাতের জীবনচক্র ব্যাখ্যা করো। 'জীববৈচিত্র্যের উষ্মাকেন্দ্র' কাকে বলে? 6+1

*অথবা,*

জাঙ্গল উদ্ভিদের শ্রেণিবিভাগ করো এবং পরিবেশের সাথে এদের অভিযোজন সম্পর্কে আলোচনা করো। দুর্যোগ ও বিপর্যয়ের মধ্যে পার্থক্য নিরূপণ করো। 5+2

(c) ভূমধ্যসাগরীয় অঞ্চল ফল উৎপাদনে বিখ্যাত কেন? দক্ষিণ ভারতে কফি চাষের উন্নতির কারণগুলি কী কী? শস্যাবর্তনের সংজ্ঞা দাও। 3+3+1

(d) কাঁচামালের অভাব সত্ত্বেও জাপানে লৌহ-ইস্পাত শিল্প গড়ে ওঠার কারণগুলি ব্যাখ্যা করো। কার্পাসবয়ন শিল্পকে 'শিকড়-



Scanned with CamScanner

আলগা শিল্প' বলে কেন? পেট্রোরসায়ন শিল্প বলতে কী বোঝায়? 3+2+2

(e) পৃথিবীর বিভিন্ন অঞ্চলে অসম জনবণ্টনের প্রাকৃতিক কারণগুলি আলোচনা করো। হলদিয়া বন্দর গড়ে ওঠার কারণগুলি বিশ্লেষণ করো। 4+3

*অথবা,*

জনঘনত্ব ও মানুষ-জমির অনুপাতের মধ্যে পার্থক্য নিরূপণ করো। পরিকল্পনা অঞ্চলের স্তরক্রম সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো। বয়ঃলিঙ্গ অনুপাতের গুরুত্ব উল্লেখ করো। 2+3+2

## বিভাগ-খ

(Marks : 35)

**1. প্রতিটি প্রশ্নের বিকল্প উত্তরগুলির মধ্যে থেকে সঠিক উত্তরটি বেছে নিয়ে ডানদিকে নীচে প্রদত্ত বাক্সে লেখো: 1×21=21**

(i) অগ্ন্যুৎপাতের সময় ম্যাগমার সঙ্গে যে উত্তপ্ত জল বেরিয়ে আসে, তাকে বলে—

(a) সহজাত জল (b) উৎস্যন্দ জল

(c) ভাদোস জল (d) আবহিক জল ☐

(ii) ইনসেলবার্জ যে অঞ্চলে দেখা যায়, সেটি হল—

(a) কালাহারি মরুভূমি (b) গাঙ্গেয় সমভূমি

(c) ডেকান ট্র্যাপ অঞ্চল (d) আমাজন নদীর অববাহিকা ☐

(iii) নিরক্ষীয় জলবায়ু অঞ্চলের একটি বৈশিষ্ট্য হল—

(a) শুষ্ক গ্রীষ্মকাল এবং আর্দ্র শীতকাল

(b) বার্ষিক উষ্ণতার প্রসর বেশি

(c) শীতকালে তুষারপাত হয়

(d) অপরাহ্নে পরিচলন বৃষ্টিপাত হয় ☐



Scanned with CamScanner

(iv) হিউমাসসমৃদ্ধ মাটির রং হয়—

(a) লালচে (b) কালো

(c) ধূসর (d) সাদাটে ☐

(v) মৌসুমি বায়ু হল এক প্রকারের—

(a) স্থানীয় বায়ু (b) সাময়িক বায়ু

(c) নিয়ত বায়ু (d) অনিয়মিত বায়ু ☐

(vi) অভিকর্ষজ বলের সাথে যুক্ত একটি দুর্যোগ হল—

(a) ভূমিকম্প (b) বন্যা

(c) হিমানী সম্প্রপাত (d) দাবানল ☐

(vii) মিলেট যে কৃষিপ্রণালীর প্রধান ফসল, তা হল—

(a) আর্দ্র কৃষি (b) শুষ্ক কৃষি

(c) স্থানান্তর কৃষি (d) বাণিজ্যিক কৃষি ☐

(viii) 'শিল্প স্থানিকতার ন্যূনতম ব্যয় তত্ত্ব'-টির প্রবর্তক হলেন—

(a) অগাস্ট লশ (b) আলফ্রেড ওয়েবার

(c) জর্জ রেনার (d) ই ডব্লিউ জিমারম্যান ☐

(ix) ভারতের নিম্নলিখিত কোন্ শহরগুলি 'সোনালি চতুর্ভুজ' দ্বারা যুক্ত?

(a) দিল্লি-মুম্বাই-কলকাতা-বেঙ্গালুরু

(b) দিল্লি-মুম্বাই-হায়দ্রাবাদ-কলকাতা

(c) দিল্লি-মুম্বাই-চেন্নাই-কলকাতা

(d) পোরবন্দর-দিল্লি-কলকাতা-চেন্নাই ☐

(x) প্রায় যোগাযোগহীন বিচ্ছিন্ন ও ক্ষুদ্র গ্রামীণ বসতিকে বলে—

(a) হ্যামলেট (b) গ্রাম

(c) মৌজা (d) শহর ☐



Scanned with CamScanner

(xi) ছত্তিশগড়ের প্রধান লৌহআকরিক উৎপাদনকারী অঞ্চল হল—

(a) গোরুমহিষানি (b) দাল্লিরাজহারা

(c) বাবাবুদান পাহাড় (d) কোরবা ☐

(xii) 'গ্রেড' শব্দটি প্রথম ব্যবহার করেন—

(a) জি কে গিলবার্ট (b) ডব্লিউ ডি থর্নবেরি

(c) আর্থার হোমস্ (d) ডব্লিউ এম ডেভিস ☐

(xiii) 'গ্রেট ব্যারিয়ার রিফ' দেখা যায়—

(a) মার্কিন যুক্তরাষ্ট্রের উপকূলের কাছে

(b) এশিয়ার উপকূলের কাছে

(c) অস্ট্রেলিয়ার উপকূলের কাছে

(d) দক্ষিণ আমেরিকার উপকূলের কাছে ☐

(xiv) অগ্ন্যুৎপাতজাত পদার্থ দ্বারা গঠিত মৃত্তিকা হল—

(a) অক্সিসল (b) আল্টিসল

(c) অ্যালফিসল (d) অ্যান্ডিসল ☐

(xv) গম্বুজাকৃতি পাহাড়ে যে ধরনের জলনির্গম প্রণালী গড়ে ওঠে, তা হল—

(a) সমান্তরাল জলনির্গম প্রণালী

(b) হেরিংবোন জলনির্গম প্রণালী

(c) কেন্দ্রবিমুখ জলনির্গম প্রণালী

(d) পিনেট জলনির্গম প্রণালী ☐

(xvi) যে জলবায়ু অঞ্চলে জীববৈচিত্র্য সর্বাধিক, তার নাম—

(a) ক্রান্তীয় বৃষ্টি অরণ্য জলবায়ু অঞ্চল

(b) মৌসুমি জলবায়ু অঞ্চল

(c) ভূমধ্যসাগরীয় জলবায়ু অঞ্চল

(d) তুন্দ্রা জলবায়ু অঞ্চল ☐



Scanned with CamScanner

(xvii) একটি মুক্ত ভাসমান জলজ উদ্ভিদের নাম হল—

(a) হোগলা (b) পদ্ম

(c) শালুক (d) কচুরিপানা ☐

(xviii) ভারতের 'শ্বেত বিপ্লব'-এর জনক হলেন—

(a) নরম্যান বোরলগ (b) রোনাল্ড রস

(c) এম এস স্বামীনাথন (d) ড. ভার্গিস কুরিয়েন ☐

(xix) ভারতের প্রথম পাটকল স্থাপিত হয়—

(a) রিষড়ায় (b) ব্যান্ডেলে

(c) শ্রীরামপুরে (d) টিটাগড়ে ☐

(xx) 'পেশাদার পরামর্শদান' যে অর্থনৈতিক ক্রিয়াকলাপের উদাহরণ, তা হল—

(a) টার্সিয়ারি ক্রিয়াকলাপ

(b) কোয়াটারনারি ক্রিয়াকলাপ

(c) কুইনারি ক্রিয়াকলাপ

(d) এগুলির কোনোটিই নয় ☐

(xxi) 2011 সালের আদমশুমারি অনুসারে ভারতের নারী ও পুরুষের অনুপাত হল—

(a) 925 : 1000 (b) 930 : 1000

(c) 935 : 1000 (d) 940 : 1000 ☐

**2. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়):**

**1×14=14**

(i) জনবিস্ফোরণ কাকে বলে?

*অথবা,*

শুষ্কবিন্দু বসতি কাকে বলে?

(ii) শিল্প কাকে বলে?



Scanned with CamScanner

*অথবা,*

দুর্গাপুরকে 'ভারতের রুর' বলা হয় কেন?

(iii) কেরলের সাম্প্রতিক বন্যার দুটি মুখ্য কারণ নির্দেশ করো।

(iv) মৃত্তিকার গ্রথন বলতে কী বোঝায়?

*অথবা,*

শারীরবৃত্তীয় শুষ্ক মৃত্তিকা বলতে কী বোঝায়?

(v) কী ধরনের প্রাকৃতিক পরিবেশ হ্যালোফাইট জাতীয় উদ্ভিদ জন্মানোর পক্ষে উপযোগী?

*অথবা,*

'বিশ্ব-উষ্ণায়ন'-এর দুটি প্রভাব উল্লেখ করো।

(vi) গতিময় পুনর্যৌবন লাভ বলতে কী বোঝায়?

(vii) মরু অঞ্চলে ভৌমজলের পরিমাণ কম হওয়ার কারণ কী?

*অথবা,*

অ্যাকুইফার কাকে বলে?

(viii) 'উন্নয়ন'-এর সংজ্ঞা দাও।

*অথবা,*

বেঙ্গালুরুকে 'ভারতের বৈদ্যুতিন শহর' বলা হয় কেন?

(ix) আর্দ্র কৃষি কাকে বলে?

*অথবা,*

'শস্যপ্রগাঢ়তা'-র সংজ্ঞা দাও।

(x) তৃতীয় স্তরের অর্থনৈতিক ক্রিয়াকলাপের সংজ্ঞা দাও।

(xi) বহির্ক্ষেত্রীয় সংরক্ষণ কাকে বলে?

(xii) জেট বায়ুপ্রবাহ কী?

(xiii) পূর্ববর্তী নদীর সংজ্ঞা দাও।

(xiv) টম্বোলো কাকে বলে?



Scanned with CamScanner